

৪৩৪টি শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ পাস করেছে

যাযাদি রিপোর্ট

সাতটি বোর্ডের অধীনে এইচএসসি মাদ্রাসা বোর্ডের আলিম, ফাজিল এবং কামি পরীক্ষা ও কারিগরি বোর্ডের এইচএসসি (ব্যবসায় ব্যবস্থাপনা), ডিপ্লোমা ইন কমার্স ও এইচএসসি (ডকেশনাল) পরীক্ষায় শতভাগ পাস শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা আগের বছরের তুলনায় বেড়েছে। এ বছর ৪৩৪টি শিক্ষা প্রতিষ্ঠান থেকে শিক্ষার্থীরা শতভাগ পাস করেছে। শিক্ষা পৃষ্ঠা ১১ ক ৬ মন্ত্রণালয়ের নেয়া নানা

৪৩৪টি শিক্ষা প্রতিষ্ঠানে

(শেষ পৃষ্ঠার পর)

পদক্ষেপের কারণেই এ সংখ্যা বৃদ্ধি পেয়েছে বলে সর্বশেষ জানান। এছাড়া রাজনৈতিক পরিস্থিতি অনেকটা অনুকূলে থাকেও বড় কারণ।

গত বছর শতভাগ পাস করা শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৩৬৩টি। এর আগের বছর এ সংখ্যা ছিল ২৭২টি। ২০০১ সালে সারা দেশে শতভাগ পাস প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৩৯টি। পরের বছর ২০০২ সালে তা কমে দাঁড়ায় ২১টি। ২০০৩ সালে আগের বছরের থেকে বিজ্ঞপ বেড়ে এ সংখ্যা হয় ৪৪টি। ২০০৪ সালে শতভাগ পাস শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ছিল ৮৩টি। এরপর থেকে এ সংখ্যা বাড়তেই থাকে।

এ বছর সর্বোচ্চ মাদ্রাসা বোর্ডে ৩৫৬টি শিক্ষা প্রতিষ্ঠানে শতভাগ শিক্ষার্থী পাস করে। এরপর রয়েছে কারিগরি শিক্ষা বোর্ড। এ বোর্ডে এ ধরনের শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ৩৮টি। ঢাকা বোর্ডে শতভাগ পাস শিক্ষা প্রতিষ্ঠানের সংখ্যা ১৮, রাজশাহী বোর্ডে ৮, কুমিল্লা বোর্ডে ১, ফরেন বোর্ডে ২, চট্টগ্রাম বোর্ডে ২, বরিশালে ৩টি ও সিলেট বোর্ডে ৬টি শিক্ষা প্রতিষ্ঠান রয়েছে।

১১
১২